ইত্তেফাক

তারিখ 18 JAN 1986
পৃষ্ঠা ... Lp. [redacted] 3

60

# তৃতীয় পরিকল্পনায় শিক্ষাখাতে ১১ শতাধিক কোটি টাকা বরাদ্দ

চট্টগ্রাম, ১৬ই জানুয়ারী: পরিকল্পনা মন্ত্রী ব্যারিষ্টার সুলতান আহমদ চৌধুরী বলেন, তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় শিক্ষাখাতে ১১ শত ৭০ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহাছাড়া বেসরকারী খাতে স্কুল-কলেজ ও মাদ্রাসার উন্নয়নে পরিকল্পনাকালে ১৫০ কোটি টাকা বিনিয়োগ করিবে বলিয়া আশা করা যাইতেছে। পরিকল্পনামন্ত্রী আজ সকালে চট্টগ্রামে একটি বাণিজ্যিক শিক্ষা প্রতিষ্ঠানের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। মন্ত্রী বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড এবং জাতীয় উন্নয়ন শিক্ষার উপর নির্ভরশীল বলিয়া তৃতীয় পরিকল্পনায় শিক্ষা খাতকে অগ্রাধিকার দেওয়া হইয়াছে। তিনি বলেন, গণশিক্ষা কার্যক্রমকে আরও জোরদার করার লক্ষ্যে পরিকল্পনাকালে উপজেলা সমূহের মাধ্যমে বিনামূল্যে বই ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ করা হইবে। খবর তথ্য বিবরণীর।